গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**বাজেট ও অডিট শাখা**

**বিষয়ঃ ০৪/০৫/২০১৬ তারিখ অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)-এর সভার কার্যবিবরণী।**

সভার তারিখ ঃ ০৪/০৫/২০১৬
সময় ঃ বিকাল ৫:০০ ঘটিকা।
স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০-১২)।
উপস্থিতি ঃ পরিশিষ্ট-১ দ্রষ্টব্য।
সভাপতি ঃ জনাব মোঃ হুমায়ুন খালিদ, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা আরম্ভ করেন। তিনি প্রথমে সভার প্রেক্ষাপট তুলে ধরেন এবং অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-২ এর আলোকে নির্ধারিত সময়ের মধ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় ২০১৬-১৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ (উন্নয়ন ও অনুন্নয়ন) ও রাজস্ব প্রাপ্তির ফরমসমূহ যথাযথভাবে পূরণপূর্বক অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রাথমিক ব্যয়সীমা এবং বাস্তবতার নিরিখে অর্থ বিভাজনের উপর গুরুত্ব আরোপ করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ২.১ | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জন্য অর্থ বিভাগ হতে ২০১৬-১৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রক্ষেপণে (উন্নয়ন ও অনুন্নয়ন) ব্যয়সীমা যথাক্রমে ২১২০০,০৯,০০ হাজার টাকা; ২৩৩২০,১০,০০ হাজার টাকা; এবং ২৫৬৫২,১১,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমা এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের মধ্যে বিভাজন করতে হবে।<br><br>তিনি আরও জানান, ২০১৬-১৭ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ১৩৪৯০,৩৩,০০ হাজার টাকা; ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ১৪৮৩৯,৪০,০০ হাজার টাকা; ২০১৮-১৯ অর্থবছরের ১৬৩২৩,৩১,০০ হাজার টাকা অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণ করে দেয়া হয়েছে এবং<br><br>২০১৬-১৭ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৭৭০৯,৭৬,০০ হাজার টাকা; ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৮৪৮০,৭০,০০ হাজার টাকা; ২০১৮-১৯ অর্থবছরের ৯৩২৮,৮০,০০ হাজার টাকা অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণ করে দেয়া হয়েছে।<br><br>অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত উন্নয়ন ও অনুন্নয়ন ব্যয়সীমা এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের মধ্যে চূড়ান্ত বিভাজন অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ২০১৬-১৭ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ১৩৪৯০,৩৩,০০ হাজার টাকা; ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ১৪৮৩৯,৪০,০০ হাজার টাকা; ২০১৮-১৯ অর্থবছরের ১৬৩২৩,৩১,০০ হাজার টাকা সচিবালয়/ অধিদপ্তর/দপ্তর/সংস্থা সমূহের মধ্যে চূড়ান্ত বিভাজন অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় (**পরিশিষ্ট-ক**)।<br><br>২০১৬-১৭ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৭৭০৯,৭৬,০০ হাজার টাকা; ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৮৪৮০,৭০,০০ হাজার টাকা; ২০১৮-১৯ অর্থবছরের ৯৩২৮,৮০,০০ হাজার টাকা প্রকল্পসমূহের মধ্যে চূড়ান্ত বিভাজন অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় (**পরিশিষ্ট-ক**)।<br><br>[বাস্তবায়নেঃ মহাপরিচালক (সকল), যুগ্মসচিব (বাজেট ও অডিট), উপ-প্রধান (পরিকল্পনা)] |
| ২.২ | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) আরও উল্লেখ করেন, অর্থ বিভাগ কর্তৃক রাজস্ব প্রাপ্তি ২০১৬-১৭ অর্থবছরের প্রাক্কলন ৫৯,২৭,০০ হাজার টাকা; ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকা; ২০১৮-১৯ অর্থবছরের প্রক্ষেপণ ৭০,৩৬,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ২০১৬-১৭ অর্থবছরের প্রাক্কলন ৫৯,২৭,০০ হাজার টাকা; ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকা; ২০১৮-১৯ অর্থবছরের প্রক্ষেপণ ৭০,৩৬,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়। তিনি প্রস্তাবিত আয়সীমা এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের মধ্যে চূড়ান্ত বিভাজন অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | রাজস্ব প্রাপ্তি ২০১৬-১৭ অর্থবছরের প্রাক্কলন ৫৯,২৭,০০ হাজার টাকা; ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকা; ২০১৮-১৯ অর্থবছরের প্রক্ষেপণ ৭০,৩৬,০০ টাকার লক্ষ্যমাত্রা এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের মধ্যে চূড়ান্ত বিভাজন অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় (**পরিশিষ্ট-খ**)।<br><br>[বাস্তবায়নেঃ মহাপরিচালক (সকল), যুগ্মসচিব (বাজেট ও অডিট)] |

৩। সভায় সামগ্রিক আলোচনা ও মতবিনিময়ের প্রেক্ষিতে সভাপতি সরকারের সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহার নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। প্রস্তাবিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং রাজস্ব প্রাপ্তি অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (অর্থ) ২০১৬-১৭ অর্থবছরে অর্থ মন্ত্রণালয় কর্তৃক সিলিং ঠিক রেখে বিভাজনে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন-ভাতাদি এবং হায়ার চার্জিং খাতে প্রয়োজনের তুলনায় কম অর্থ বরাদ্দ রাখা হয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন।

৫। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা) সভায় অবহিত করেন যে, ২০১৫-১৬ অর্থবছরের স্কুল ফিডিং বাবদ খাদ্য মঞ্জুরী খাতে ৩০,৬৩,৭৫ হাজার টাকা বরাদ্দ ছিল এবং বরাদ্দকৃত সমুদ্বয় অর্থ ছাড় করা হয়েছে। অর্থ মন্ত্রণালয় হতে সংশোধিত বাজেটে ২৭,৯২,৩৭ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়েছে। সভায় এ বিষয়ে খাদ্য মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে খাদ্যের প্রকৃত মূল্য সংগ্রহপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
৮/৬/১৬
(মোঃ হুমায়ুন খালিদ)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি।

নং-৩৮.০০.০০০০.০০৬.২০.১২৩.১৬-০৯৬

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৩ / ০৮ মে ২০১৬

কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ যুগ্ম-সচিব, বাজেট-১), ঢাকা।
২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন (দৃঃ আঃ উপ-প্রধান, শিক্ষা উইং), ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৯. মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED), শেরে বাংলা নগর, ঢাকা।
১০. মহাপরিচালক, বাধ্যতামলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
১২. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১৩. যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. উপ-প্রধান (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৭. সহকারী প্রধান (পরি-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. পরিচালক (অর্থ/পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
২. পরিচালক (অর্থ/পরিকল্পনা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. অফিস কপি।

০৮/০৫/২০১৬
(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৬৩